আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.০২.০০০০.৭০১.০২.১৬০.২০-৭২৮ তারিখ ২৭ আশ্বিন ১৪২৭
১১ অক্টোবর ২০২০খ্রি.

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
প্রধানমন্ত্রীর কার্যালয়
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় ঃ মুজিব শতবর্ষ উপলক্ষে ২০২০-২১ অর্থবছরে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন "ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ 'ক' শ্রেণির পরিবারের জন্য গৃহ (দুই কক্ষ বিশিষ্ট সেমি পাকা) নির্মাণ" কাজ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিম্নলিখিত উপজেলাসমূহে পরিবার প্রতি ২ শতাংশ খাসজমি বন্দোবস্ত প্রদানপূর্বক ভূমিহীন ও গৃহহীনদের জন্য ৬৪৯ টি সেমি পাকা গৃহ নির্মাণ ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ ।

সূত্র ঃ জেলা প্রশাসক ঠাকুরগাঁও এর স্মারক নং ০৫.৫৫.৯৪০০.০০৮.০০.৩৭৬.২০২০-৮৮৭(৩), তারিখ ঃ ০২/০৯/২০২০খ্রিঃ

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে, "ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ 'ক' শ্রেণির পরিবার প্রতি ২ শতাংশ খাসজমি বন্দোবস্ত প্রদানপূর্বক গৃহ (দুই কক্ষবিশিষ্ট সেমি পাকা) নির্মাণ" কাজ বাস্তবায়নের নিমিত্ত ''আবাসিক ভবন নির্মাণ'' খাতের আওতায় মোট ৬৪৯ টি সেমি পাকা গৃহ নির্মাণ ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে উপজেলাভিত্তিক নিম্নরূপভাবে ১১,০৯,৭৯,০০০.০০ (এগার কোটি নয় লক্ষ উনআশি হাজার) টাকা বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি -

বিভাগ ঃ রংপুর

| ক্রঃ নং | জেলা | উপজেলা | অনুমোদিত গৃহের সংখ্যা | বরাদ্দকৃত টাকার পরিমাণ (দুই কক্ষ বিশিষ্ট একটি সেমি পাকা ঘরের নির্মাণ ব্যয় ১.৭১ লক্ষ টাকা হিসেবে) |
|---|---|---|---|---|
| ১ | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও সদর | ৩০৩ | ৫১৮১৩০০০.০০ |
| | | পীরগঞ্জ | ৫৫ | ৯৪০৫০০০.০০ |
| | | রাণীশংকৈল | ৩০ | ৫১৩০০০০.০০ |
| | | হরিপুর | ২১৬ | ৩৬৯৩৬০০০.০০ |
| | | বালিয়াডাঙ্গী | ৪৫ | ৭৬৯৫০০০.০০ |
| | | মোট | ৬৪৯ | ১১০৯৭৯০০০.০০ |
| | | | | কথায় ঃ এগার কোটি নয় লক্ষ উনআশি হাজার টাকা মাত্র |

২। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক জুন/২০২০ তারিখে হালনাগাদকৃত এবং জেলা প্রশাসকের মাধ্যমে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরিত তালিকা হতে ভূমিহীন ও গৃহহীন পরিবারের বিষয়টি নিশ্চিত হয়ে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ের ০১/০৯/২০২০ তারিখের ৯৯০ নং স্মারক পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসক কর্তৃক সেপ্টেম্বর/২০২০ এ সূত্রোস্থ স্মারক পত্রে প্রেরিত সংশ্লিষ্ট উপজেলার জন্য উল্লিখিত সংখ্যা অনুসরণ করে গৃহ নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সরেজমিনে পরিদর্শন করে গৃহ প্রাপ্যতার বিষয়টি নিশ্চিত হয়ে নির্মাণ কাজ শুরু করবেন। কোন অবস্থাতেই নীতিমালা বহির্ভূত কাউকে গৃহ বরাদ্দ/নির্মাণ করে দেয়া যাবে না।

৩। অনুচ্ছেদ ০২ এ বর্ণিত তালিকা হতে ভিক্ষুক, প্রতিবন্ধী, বিধবা, স্বামী পরিত্যক্তা, ষাটোর্ধ্ব প্রবীণ ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করে উপজেলা টাস্কফোর্স কমিটি উপকারভোগী নির্বাচন করবে।

৪। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষা দলের নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৫। উপজেলা নির্বাহী অফিসার এর সভাপতিত্বে গঠিত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সরাসরি ক্রয় পদ্ধতিতে বরাদ্দপ্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করে এ কার্যালয়ে সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করবেন।

৬। ''মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ প্রদান নীতিমালা-২০২০'' অনুযায়ী নির্মাণ কাজ বাস্তবায়ন করতে হবে। প্রথম পর্যায়ে শুধুমাত্র 'ক' শ্রেণির অর্থাৎ ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন করা হবে।

৭। উপজেলা নির্বাহী অফিসার কাজ শুরু করার পর প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্যন্ত মাসিক অগ্রগতির সচিত্র প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে ashrayanpmo@gmail.com এই ই-মেইলে প্রেরণ করবেন।

৮। এই ব্যয় ৪১১১ নির্মাণ ও পূর্ত খাতের আওতাধীন ৪১১১১০১-"আবাসিক ভবন নির্মাণ" উপ-খাতের ছাড়কৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

৯। এই ব্যয় ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ১০৩০১০২-২২৪০০০৬০০-৪১১১১০১ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।

১০। কাজ সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০২১ এর পূর্বে চালানের মাধ্যমে ১০৩০১০২-১৪৪১২০২ নং কোডে সরকারি কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১১। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪ খ্রিঃ এবং স্মারক নং-০৮.০১. ০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬ তারিখঃ ৩০/০৪/২০১৪ খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

১২। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সহিত ''emboss '' সীল দেখে এবং প্রকল্প পরিচালকের সাথে টেলিফোনে আলাপ করে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।

নির্মিতব্য দুই কক্ষ বিশিষ্ট সেমি পাকা গৃহের নকশা ও প্রাক্কলন এবং এ সংক্রান্ত নীতিমালা ও অনুসরণীয় বিষয়াবলী আশ্রয়ণ-২ প্রকল্পের ওয়েবসাইট www.ashrayanpmo.gov.bd ▸download থেকে সংগ্রহ করে সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়ে কোন অস্পষ্টতা থাকলে সরাসরি নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে। উল্লেখ্য, প্রতিটি সেমি পাকা ঘরের নির্মাণ মূল্য ১,৭১,০০০.০০ (এক লক্ষ একাত্তর হাজার) টাকা। এক্ষেত্রে অনুচ্ছেদ ১১ মোতাবেক মূসক ও আয়কর কর্তনের প্রয়োজন নেই।

আপনার বিশ্বস্ত

মোঃ মাহবুব হোসেন
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন ঃ ৪৮১১২৬১৮
মোবাইল ঃ ০১৭১১৫৬৪৬৬৬
ইমেইল ঃ ashrayanpmo@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। বিভাগীয় কমিশনার, রংপুর।

২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

৩। জেলা হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা, ঠাকুরগাঁও (বরাদ্দকৃত অর্থ ব্যয়ের পর হিসাবভুক্তির জন্য অনুরোধ করা হ'ল)।

৪। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও/ পীরগঞ্জ, ঠাকুরগাঁও/ রাণীশংকৈল, ঠাকুরগাঁও/ হরিপুর, ঠাকুরগাঁও/ বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

৫। সহকারী কমিশনার (ভূমি), ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও/ পীরগঞ্জ, ঠাকুরগাঁও/ রাণীশংকৈল, ঠাকুরগাঁও/ হরিপুর, ঠাকুরগাঁও/ বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

৬। উপজেলা প্রকৌশলী, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও/ পীরগঞ্জ, ঠাকুরগাঁও/ রাণীশংকৈল, ঠাকুরগাঁও/ হরিপুর, ঠাকুরগাঁও/ বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও/ পীরগঞ্জ, ঠাকুরগাঁও/ রাণীশংকৈল, ঠাকুরগাঁও/ হরিপুর, ঠাকুরগাঁও/ বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও (বরাদ্দকৃত অর্থ ব্যয়ের পর হিসাবভুক্তির জন্য অনুরোধ করা হ'ল)।

৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও/ পীরগঞ্জ, ঠাকুরগাঁও/ রাণীশংকৈল, ঠাকুরগাঁও/ হরিপুর, ঠাকুরগাঁও/ বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

৯। প্রকল্প নথি/অফিস কপি।